

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

সোনাডাঙ্গা, খুলনা

স্মারক নং-৩৪.০১.৪৭০০.০০০.৩৮.০৬১.১৬-৩৪১

তারিখঃ ০৪/১০/২০২৬

“ভর্তি বিজ্ঞপ্তি”

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্ম প্রত্যাশী যুবক ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান সৃষ্ণনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর এর নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্ম প্রত্যাশী যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

নং	প্রশিক্ষণ কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)	কোর্সের মেয়াদ	দরখাস্ত জমার শেষ তারিখ	সাক্ষাৎকারের তারিখ	ভর্তি ও প্রশিক্ষণ শুরুর তারিখ	ভর্তি কোর্স ফি
১	মৎস্য চাষ (৩য় ব্যাচ) (অনাবাসিক) আসন সংখ্যা-২৫	৮ম শ্রেণী পাশ	০১(এক) মাস	২৮/১০/২৬	২৯/১০/২০২৬ সকাল-১০.০০ টা	০১/১১/২০২৬	৫০(পঞ্চাশ) টাকা
২	ব্রক, বাটিক স্ক্রীন প্রিন্টিং (২য় ব্যাচ) (অনাবাসিক) আসন সংখ্যা-২৫	৮ম শ্রেণী পাশ	০৪(চার) মাস	২৮/১০/২৬	২৯/১০/২০২৬ সকাল-১০.০০ টা	০১/১১/২০২৬	৫০(পঞ্চাশ) টাকা
৩	ডাটাবেজ ম্যানেজমেন্ট (অনাবাসিক) আসন সংখ্যা-৩০	এইচ এস সি পাশ	০২(দুই) মাস	২৮/১০/২৬	২৯/১০/২০২৬ সকাল-১০.০০ টা	০১/১১/২০২৬	৫০০/- (পাঁচশত) টাকা অফেরতযোগ্য
৪	হস্তশিল্প (অনাবাসিক) আসন সংখ্যা-২০	৮ম শ্রেণী পাশ	০১(এক) মাস	২৮/১০/২৬	২৯/১০/২০২৬ সকাল-১০.০০ টা	০১/১১/২০২৬	১০০/- (একশত) টাকা অফেরতযোগ্য

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি:

- বর্ণিত ট্রেডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২৮ অক্টোবর, ২০২৬ খ্রি: এবং প্রশিক্ষণ শুরু ০১ নভেম্বর, ২০২৬ খ্রি:।
- বর্ণিত কোর্সে / ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ০৪/১০/২০২৬খ্রিঃ তারিখ ১৮থেকে ৩৫ বৎসর এবং কর্ম প্রত্যাশী যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- সকল জেলা / উপজেলার আগ্রহী প্রার্থীগণ অনলাইনে <https://ytms.gov.bd> লিংকে গিয়ে আবেদন করতে হবে।
- আবেদনকারী / প্রার্থীর বয়স নির্ধারণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- চূড়ান্ত প্রার্থীদের প্রশিক্ষণ শেষে MFS পদ্ধতিতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ভাতা প্রদান করা হবে। প্রশিক্ষার্থীদের বিকাশ একাউন্ট এর মাধ্যমে প্রদান করা হবে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রশিক্ষার্থীদের বিকাশ একাউন্ট থাকতে হবে।
- দূরবর্তীস্থানে বসবাসরত কর্ম প্রত্যাশী যুবদের সুবিধার্থে প্রশিক্ষণে ভর্তির আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় / যুব প্রশিক্ষণ কেন্দ্র / জেলা কার্যালয়/ ইউনিয়ন ডিজিটাল সেন্টারে অনলাইনে উল্লেখিত লিংকে আবেদন দাখিল করতে পারবে।
- আবেদন পত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ািলপি (খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ািলপি জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত (রেডিন) ছবি সংগে আনতে হবে।
- দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধি / অটিক্তিক ও তৃতীয় লিঙ্গের জন্য ৫% কোটা সংরক্ষণসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ভূক্ত যুবদের কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।
- সাক্ষাৎকার জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এজন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষার্থীগণকে সার্বক্ষণিক সক্রিয় মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।
- আবেদনপত্র জমা দেয়ার নির্ধারিত সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

প্রশিক্ষণের শর্তাবলী :

- প্রত্যেক প্রশিক্ষার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
- প্রত্যেক প্রশিক্ষার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- প্রশিক্ষণ শেষে আত্মকর্মসংস্থান / কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।
- প্রশিক্ষণকালীন সকল নির্দেশিত স্বাস্থ্যবিধি পরিপূর্ণভাবে পালন করতে হবে।
- ভাস্করী ক্লাসগুলো অনলাইন/স্বশরীরে এবং ব্যবহারিক ক্লাসগুলো বিভিন্ন গ্রুপে বিভক্ত করে প্রশিক্ষণ পরিচালনা করা হবে।
- সকল কোর্সের প্রশিক্ষার্থীগণ সরকারি বিধি মোতাবেক দৈনিক উপস্থিতি সাপেক্ষে ভাতা প্রাপ্য হবেন।
- ইতোপূর্বে যিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি আবেদন করতে পারবেন না।

(মোঃ আবুল কালাম)

উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা

E-mail: ddkhulna@dyd.gov.bd

ফোন-০২-৪৪১১০৯৪৭

০৪/১০/২৬